

## 💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪০৭

২/ সালাত (নামায) (১ হা০ ১ হা০)

পরিচ্ছেদঃ শিশুদের কখন সালাতের নিদের্শ দেওয়া হবে।

باب مَا جَاءَ مَتَى يُؤْمَرُ الصَّبِيُّ بِالصَّلاَةِ

## আরবী

حَدَّتَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، أَخْبَرَنَا حَرْمَلَةُ بْنُ عَبْدِ الْعَزِيزِ بْنِ الرَّبِيعِ بْنِ سَبْرَةَ الْجُهَنِيُّ، عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ الرَّبِيعِ بْنِ سَبْرَةَ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " عَلِّمُوا الصَّبِيَّ الصَّلاَةَ ابْنَ سَبْعِ سِنِينَ وَاضْرِبُوهُ عَلَيْهَا ابْنَ عَشْرٍ ". قَالَ وَفِي الْبَابِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍ و. قَالَ أَبُو عِيسَى حَدِيثُ سَبْرَةَ بْنِ مَعْبَدٍ الْجُهَنِيِّ حَدِيثُ صَحِيحٌ . وَعَلَيْهِ الْعَمَلُ عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ وَبِهِ يَقُولُ أَحْمَدُ وَإِسْحَاقُ . وَقَالاً مَا تَرَكَ الْغُلاَمُ بَعْدَ الْعَشْرِ مِنَ الصَّلاَةِ فَإِنَّهُ يُعِيدُ . قَالَ أَبُو عِيسَى وَسَبْرَةُ هُوَ ابْنُ مَعْبَدٍ الْجُهَنِيُّ وَيُقَالَ هُوَ ابْنُ عَوْسَجَةَ .

## বাংলা

8০৭. আলী ইবনু হুজর (রহঃ) ..... সাবরা (রহঃ) থেকে বর্ণিত যে, তিনি বলেনঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, সাত বৎসর হলে শিশুদের সালাত (নামায/নামাজ) শিক্ষা দিবে আর দশ বৎসরের হলে এই বিষয়ে (প্রয়োজনবোধে) প্রহার করবে। - মিশকাত ৫৭২,৫৭৩, সহিহ আবু দাউদ ২৪৭, ইরওয়া ২৪৭, তা'লীক আলা ইবনু খুজাইমাহ ১০০২, তিরমিজী হাদিস নম্বরঃ ৪০৭ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবদুল্লাহ ইবনু আমর রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ সাবরা ইবনু মা'বাদ আল-জুহানী (রহঃ) থেকে বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। কতক আলিমও এতদনুসারে আমল গ্রহণ করেছেন। ইমাম আহমদ ও ইসহাক (রহঃ) থেকে বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। কতক আলিম ও এতদনুসারে আমল গ্রহণ করেছেন। ইমাম আহমদ ও ইসহাক (রহঃ)-এর অভিমতও এ-ই। তারা বলেন, দশ বছর হওয়ার পর কোন শিশু সালাত (নামায/নামাজ) পরিত্যাগ করলে তাকে তা অবশ্যই কাযা করতে হবে। ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ এই সাবরা হলেন ইবনু মা'বাদ আল-জুহানী এবং তাকে ইবনু আওসাজাও বলা হয়।



## **English**

(Sabrah bin Ma'bad al-Juhni) narrated that: Allah's Messenger (S) said: "Teach the boy Salat when he is seven years old, and beat him (if he does not pray) when he is ten."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সাবরাহ বিন মা'বাদ আল জুহনী (রাঃ)

